গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
শিক্ষা শাখা
www.dhaka.gov.bd

**স্মারক নম্বর:** ০৫.৪১.২৬০০.০০০.০১৩.৫২.০০০২.২৫.৪২৬

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩
২৯ জুলাই ২০২৬

বিষয়: **সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় দেশব্যাপী মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে "আমার সংস্কৃতি, আমার অহংকার" শীর্ষক প্রতিযোগিতার আয়োজন।**

সূত্র: মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১২.৮২.০০৪৫.১৪.২৫১, তারিখ: ২৩ জুলাই ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় দেশব্যাপী মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে সাংস্কৃতিক কর্মকান্ড ব্যাপকভাবে চর্চা ও বৃদ্ধির লক্ষ্যে "আমার সংস্কৃতি, আমার অহংকার" শীর্ষক সঙ্গীত, কবিতা আবৃত্তি, নৃত্য ও ছবি আঁকা বিষয়ে প্রতিযোগিতার বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, ঢাকা জেলার আওতাধীন উপজেলা ও মহানগর পর্যায়ে "আমার সংস্কৃতি, আমার অহংকার" শীর্ষক সঙ্গীত, কবিতা আবৃত্তি, নৃত্য ও ছবি আঁকা বিষয়ে প্রতিযোগিতার বিভিন্ন কর্মসূচি গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯-০৭-২০২৬
ডালিয়া নওশিন লুবনা
সহকারী কমিশনার

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপজেলা নির্বাহী অফিসার সাভার/দোহার/ধামরাই/নবাবগঞ্জ/কেরাণীগঞ্জ, ঢাকা।
২। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
৩। জেলা কালচারাল অফিসার, ঢাকা।

**স্মারক নম্বর:** ০৫.৪১.২৬০০.০০০.০১৩.৫২.০০০২.২৫.৪২৬/১ (৩)

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩
২৯ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঢাকা।
২। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অফিস কপি।।

Lubna

২৯-০৭-২০২৬
ডালিয়া নওশিন লুবনা
সহকারী কমিশনার